কুষ্টিয়ায় এমপি নুসরাতের বাড়িতে আগুনের ঘটনায় মামলা



এমপি নুসরাত। ছবি: সংগৃহীত

কুষ্টিয়ার দৌলতপুরে এনসিপির যুগ্ম আহ্বায়ক ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নুসরাত তাবাসসুমের গ্রামের বাড়িতে আগুন দেওয়ার ঘটনায় মামলা হয়েছে। বৃহস্পতিবার (১২ নভেম্বর) রাত ১০টার দিকে দৌলতপুর থানায় তিনি মামলাটি করেন। বিষয়টি নিশ্চিত করেছেন থানার ওসি খালেদুর রহমান।

এর আগে রাত ১২টা ১৫ মিনিটের দিকে উপজেলার বাগোয়ান গ্রামে বাড়িটিতে বিস্ফোরণের পর আগুন লাগে। সে সময় নুসরাত সংসদ অধিবেশনে যোগ দিতে ঢাকায় ছিলেন। বাড়িতে ছিলেন তাঁর বাবা-মাসহ পরিবারের সদস্যরা।

নুসরাত জানান, রাতের খাবার শেষে সবাই ঘুমিয়ে পড়েছিলেন। পরপর তিনটি বিকট শব্দে তাঁদের ঘুম ভাঙে। বাইরে এসে বাড়ির বিভিন্ন স্থানে আগুন দেখতে পান তাঁরা। পরে প্রতিবেশী ও ভেড়ামারা ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনেন। এ ঘটনায় বাড়ির আসবাবপত্র ও প্রয়োজনীয় জিনিসপত্র পুড়ে যায়, মারা যায় তিনটি ছাগল। ক্ষয়ক্ষতির পরিমাণ ৩০ থেকে ৪০ লাখ টাকা হতে পারে।

সংসদ সদস্যের অভিযোগ, পরিকল্পিতভাবে পেট্রল বোমা হামলা চালিয়ে বাড়িতে আগুন দেওয়া হয়েছে। ঘটনার কয়েক ঘণ্টা আগে কুষ্টিয়া জেলা ছাত্রলীগের সভাপতি ফেসবুকে হুমকিমূলক পোস্ট দিয়েছিলেন বলেও দাবি করেন তিনি। এর আগে অপরিচিত নম্বর থেকে হুমকি পাওয়ার ঘটনায় ২৮ অক্টোবর কলাবাগান থানায় জিডি করেছিলেন নুসরাত। তবে এরপরও হুমকি অব্যাহত ছিল বলে জানান তিনি।

ঘটনার পর বাড়িতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। এলাকায় বিজিবি ও গোয়েন্দা সদস্যদের টহলও দেখা গেছে। বৃহস্পতিবার পুলিশ সুপার আমিনুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেন। পরে সিআইডির ফরেনসিক দল বিভিন্ন নমুনা সংগ্রহ করে। অতিরিক্ত পুলিশ সুপার দেলোয়ার হোসেন জানান, ঘটনাটি তদন্তাধীন।

ওসি খালেদুর রহমান বলেন, ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ করা হয়েছে। প্রাথমিকভাবে আগুনের সূত্রপাত নিশ্চিত হওয়া যায়নি। নমুনা পরীক্ষার পর কারণ জানা যাবে। মামলাটি তদন্তাধীন থাকায় আসামিদের নাম প্রকাশ করা সম্ভব নয়।